

ফ্রান্স
ফ্রান্স



নবীন বিজ্ঞানী ওই নতুনের কোতন ওড়ে

সম্প্রতি অনুষ্ঠিত হয়ে গেল ডিকার্ননিনিসা নূন কুল ও কলেজের সায়ের স্রাব আয়োজিত একাদশ বিজ্ঞান উৎসব। তিন দিনব্যাপী এ অনুষ্ঠানের উদ্বোধন করেন সাউথ ইস্ট ইউনিভার্সিটির উপাচার্য ড. শমশের আলী।


বিজ্ঞান মেলায় অংশগ্রহণ করে মোট ১৭টি কুল-কলেজ। ডিকার্ননিনিসা নূন কুলের বিভিন্ন শাখার শিক্ষার্থীরা মেলায় অংশগ্রহণ করে। কুল ও কলেজের ৫ম শ্রেণী থেকে এইচএসসি পর্যন্ত ৩টি গ্রুপে বিভক্ত করে মেধাবিকাশের সুযোগ করে দেয়া হয়।

বিজ্ঞান মেলায় ডিকার্ননিনিসা নূন কুলের শিক্ষার্থীরা মোট ২৮৫টি প্রজেক্ট প্রদর্শন করা হয় বলে জানান ডিকার্ননিনিসার এইচএসসি পাস ছাত্রী মিডিয়া কো-অর্ডিনেটর তুযিকা। বিজ্ঞান মেলার পাশাপাশি এ মেলায় গণিত অলিম্পিয়াড, ফিজিক্স অলিম্পিয়াড, সাধারণ জ্ঞান প্রতিযোগিতা, উপস্থিত বক্তৃতা, প্রীতি বিতর্ক এবং অ্যান্ট্রো অলিম্পিয়াড অনুষ্ঠিত হয়। অজানাতে জানার এবং নতুন কিছু উদ্ভাবনের আকাঙ্ক্ষা নিয়ে কিশোরী তরুণী ছাত্রীরা তাদের প্রজেক্টগুলো প্রদর্শন করে। তিন দিনব্যাপী প্রদর্শনীর পর বিচারকরা তাদের প্রজেক্টকে বিচার করে ১ম, ২য়, ৩য় স্থান নির্ধারণ করেন। বিজ্ঞান মেলার পরিচালক রোকিয়া আকতার জানান, আমাদের ছাত্রীরা পড়াশোনা নিয়ে এতটাই ব্যস্ত থাকে যে, অন্যদিকে মেধা বাটানোর সময় পায় না। তাদের পড়াশোনার পাশাপাশি আনন্দদানের জন্য, নতুন কিছু উদ্ভাবনের প্রচেষ্টায় বিজ্ঞান মেলার আয়োজন। ছাত্রীরা নিজেরা প্রকল্প তৈরি করে, এতে তাদের মেধার বিকাশ ঘটে। অন্যের প্রকল্প অনেকে তৈরি করে, তারপরও তারা নিজের হাতে তৈরি করার কারণে জানতে আমহ সৃষ্টি হয়।

বিজ্ঞান মেলার আউটপুট কী? এ প্রশ্নের জবাবে রোকিয়া আকতার জানান, শিক্ষার্থীদের বিজ্ঞানের প্রতি আকৃষ্ট করে তোলা। বিজ্ঞানের প্রশ্নের রহস্যকে জানার আমহ সৃষ্টি এবং ভবিষ্যতে বিজ্ঞানমনস্ক হয়ে গড়ে ওঠাই এ মেলার মূল উদ্দেশ্য। এটা সফলও হচ্ছে। আমরা দেখছি এ কলেজের শিক্ষার্থীরা অন্য সব জায়গায় পড়াশোনায় তো অপর্যায়

অন্য শাখাতেও নেতৃত্ব দিয়ে যাচ্ছে। এ কারণে বলব বিজ্ঞানমেলা করা আমাদের সার্থক।

আগামীতে আরো বিস্তৃত কলেজের এ মেলার আয়োজন করতে আমরা চেষ্টা করব। বিজ্ঞান প্রজেক্ট প্রদর্শনীতে জুনিয়র-১ গ্রুপে ১ম স্থান অধিকার করে আগ্রুয়গিবি প্রজেক্ট। এ দলের টিম লিডার জেরিন তাসনিম খান। জুনিয়র-২ গ্রুপে ১ম স্থান অধিকার করে অটোমেটিক পাওয়ার সেভার। এ গ্রুপের সদস্যরা হলো নাবিলা রুবাইয়া, আফসানা, সুবতী ও নাবিলা আয়েশা। তারা ডিকার্ননিনিসার ১০ম শ্রেণীর ছাত্রী। বিজ্ঞানী দলের টিম লিডার নাবিলা রুবাইয়া জানান, আমাদের ১ম পুরস্কার পেয়ে জীমণ ভালো লাগছে। আমাদের প্রজেক্টটি সিটি কর্পোরেশন, পৌরসভা এলাকায় ব্যবহার করলে বিন্দু অপর্যয় রোধ করা যাবে। দিনের বেলায় আপনা-আপনি আমাদের অটোমেটিক পাওয়ার



অলিম্পিয়াড কুল পরবে প্রথম হয়েছে জলাপটিকার ছাত্রী সাবিয়া সালমান, তাহিজা ফাতিমা। কলেজ গ্রুপে প্রথম হয়েছে মোঃ তারেক রহমান। অ্যান্ট্রো অলিম্পিয়াডের জুনিয়র-১ গ্রুপে প্রথম ডিকার্ননিনিসার তাসনিয়া হামিদ।

সেভার বিন্দু সশ্রয় করবে। এই প্রজেক্টটি ঢাকা সিটি কর্পোরেশন নিজে দেশের অনেক উপকার হবে বলে নবীন উদ্ভাবকদের বিশ্বাস। সিনিয়র গ্রুপের প্রথম স্থান অধিকারী প্রজেক্টের নাম ভোটের আইডি কার্ড। বর্তমান সময়ে আলোচিত বিষয় ভোটের আইডি কার্ড তৈরি। ডিকার্ননিনিসার সিনিয়র গ্রুপের টিমলিডার বিজ্ঞানী তাসনুভা প্রণা বলেন, ওনাইজা, সরা, রুসা মিলে আমি চিন্তা-ভাবনা করে ভোটের আইডি কার্ড তৈরির পদ্ধতি বের করেছি। আমরা আশা করি আমাদের প্রস্তাবিত ভোটের আইডি কার্ড নির্বাচন কমিশন গ্রহণ করলে অনেক সহজ হবে ভোট গ্রহণ কার্যক্রম। কেমন লাগছে প্রজেক্টে প্রথম হয়ে, প্রশ্নের জবাবে সোৎসাহে দলের সবাই বলেন, আমাদের অসম্ভব ভালো লাগছে। প্রথম স্থান অধিকার করায়। আমরা চেষ্টা করেছি পড়াশোনার পাশাপাশি দেশের সেক্টময় সময়ে একটি সমাধান দেয়ার। এছাড়া পাঠ্যপুস্তকের পড়ার পাশাপাশি আমাদের কলেজের এ রকম কার্যক্রমকে আমরা অভিনন্দন জানাই। এর মাধ্যমে মেধা বিকাশের সুযোগ বিস্তৃত হয়। আমাদের সব অঙ্গনে চ্যালেঞ্জ নেয়ার মতো মানসিকতা গড়ে ওঠে।

অন্তঃকুল সাধারণ জ্ঞান প্রতিযোগিতা চ্যাম্পিয়ন হয় ডিকার্ননিনিসা নূন কুল এবং রানারআপ হয় ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজ। আন্তঃকলেজ সাধারণ জ্ঞান প্রতিযোগিতায় ঢাকা নটরডেম কলেজ চ্যাম্পিয়ন ও ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজ রানারআপ হয়। ফিজিক্স অলিম্পিয়াড (কুল) প্রথম ব্রতী সৈকতি রেজা, কলেজ গ্রুপে প্রথম হয়েছে মোঃ বাশেদ হায়েদ। গণিত

অলিম্পিয়াড কুল পরবে প্রথম হয়েছে জলাপটিকার ছাত্রী সাবিয়া সালমান, তাহিজা ফাতিমা। কলেজ গ্রুপে প্রথম হয়েছে মোঃ তারেক রহমান। অ্যান্ট্রো অলিম্পিয়াডের জুনিয়র-১ গ্রুপে প্রথম ডিকার্ননিনিসার তাসনিয়া হামিদ।

জুনিয়র-২ গ্রুপের প্রথম ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজের রিফাত আল শাহরিয়ার ও মোঃ মাক্কাফ হোসেন, সিনিয়র গ্রুপে প্রথম হোসেন মহিউদ্দিন।

বিজ্ঞান মেলার পরিবেশ ছিল সুশৃঙ্খল। ডল্যান্ডিয়ার মেঘেরা বেশ গোছালোভাবেই তিনদিন দায়িত্ব পালন করেছে। তবে পুরস্কার বিতরণের দিন একটু অগোছালো ভাব লক্ষ্য করা গেছে আয়োজক কর্তৃপক্ষের। যা অনেকের কাছে ব্যাপ্য লেগেছে। কুদে বিজ্ঞানীদের উৎসাহিত করতে এবং কুদে প্রতিভাকে প্রতিষ্ঠা পেতে হলে সুযোগ দিতে হবে। সেই কাজটি ডিকার্ননিনিসা নূন কুল করছে বলে বোঝামহল মনে করেন।

তরুণ কণ্ঠ প্রতিবেদক